

Akashbani Kolkata

Regional News Unit

Date: 13.10.2026

Desk in Charge. SDG

Time: 1.30 PM

Edit & Compile: Indranil.M

DEO :- KB

NRT : Parthapratim.M

Announcement - আকাশবাণী/খবর পড়ছি

বিশেষ বিশেষ খবরঃ

১। নতুন দিল্লিতে আজ রুমবার্গ নিউ ইকোনমি ফোরামে প্রধানমন্ত্রী বলেছেন ভারতের অগ্রগতির মূল ভিত্তি হল সামগ্রিক উন্নয়ন এবং সকলের জন্য সমান সুযোগ সৃষ্টি করা।

২। নতুনদিল্লিতে বিমস্টেক গোষ্ঠীভুক্ত দেশগুলির স্বরাষ্ট্রমন্ত্রীদের প্রথম বৈঠক আজ অনুষ্ঠিত হচ্ছে। #অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন ভারত সমস্ত দেশের সার্বভৌমত্ব ও আঞ্চলিক অখণ্ডতাকে সম্মান করে এবং বিরোধের শান্তিপূর্ণ সমাধানে বিশ্বাসী।

৩। কোনো যোগ্য ভোটদাতা যাতে তালিকা থেকে বাদ না পড়েন তা সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন, রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে বিশেষ অভিযান শুরু করেছে।

৪। আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার – আই এম এফ, ২০২৬-২৭ অর্থবছরের জন্য ভারতের জি ডি পি বৃদ্ধির পূর্বাভাস ৬ দশমিক ৪ শতাংশ থেকে বাড়িয়ে ৭ শতাংশ করেছে।

৫। ব্যাডমিন্টনে ডেনমার্ক ওপেনে বিশ্ব ব্যাডমিন্টন খেতাব জয়ী পিভি সিন্ধু ও পুরুষদের ডাবলস জুটি সাত্ত্বিকসাইরাজ রাঙ্কিরেড্ডি ও চিরাগ শেঠি আজ ভারতের হয়ে অভিযান শুরু করছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ক্ষমতার মাধ্যমে অন্যদের ক্ষমতায়নের নীতিকে তাঁর সরকার সব থেকে গুরুত্ব দিয়েছে। নতুন দিল্লিতে আজ রুমবার্গ নিউ ইকোনমি ফোরামে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, ভারতের অগ্রগতির মূল ভিত্তি হল সামগ্রিক উন্নয়ন এবং সকলের জন্য সমান সুযোগ সৃষ্টি করা। ক্ষমতা বলতে শুধু নিজেদের এগিয়ে যাওয়ার সামর্থ্যকেই বোঝায় না, অন্যদেরও এগিয়ে দেওয়াই ক্ষমতার প্রকৃত অর্থ বলে তিনি জানান।

প্রধানমন্ত্রী বলেন, একবিংশ শতাব্দীতে প্রযুক্তি, তথ্য, জ্ঞান ও উদ্ভাবন ক্ষমতার গুরুত্বপূর্ণ উৎস হয়ে উঠেছে। ভারতের সক্ষমতা যাতে অন্যান্য দেশের সামনেও নতুন সম্ভাবনার দ্বার খুলে দিতে পারে, তা নিশ্চিত করতে তার সরকার নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে বলে তিনি জানান।

ভারতকে গণতন্ত্রের জননী হিসেবে উল্লেখ করে শ্রী মোদী বলেন, এ দেশে একশোরও বেশি ভাষা, প্রায় আশি হাজার নথিভুক্ত সংবাদপত্র ও সাময়িকী এবং এক হাজারেরও বেশি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল রয়েছে। গত এক দশকে দেশে পঁচিশ কোটি মানুষকে দারিদ্র্য থেকে মুক্ত করা সম্ভব হয়েছে বলেও তিনি জানান।

(বাইট – নরেন্দ্র মোদী)

তিনি বলেন, ২০১৪ সালের পর থেকে ভারতে স্টার্ট-আপের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে দেশে স্টার্ট-আপের সংখ্যা আড়াই লক্ষ ছাড়িয়েছে। এর মধ্যে প্রায় অর্ধেক স্টার্ট-আপ ছোট শহর ও মফস্বল এলাকা থেকে গড়ে উঠেছে। পাশাপাশি, ৪৫ শতাংশেরও বেশি স্টার্ট-আপের অন্তত একজন মহিলা পরিচালক বা অংশীদার রয়েছেন বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

(বাইট – স্টার্ট আপ)

নবরাত্রির তৃতীয় দিনে আজ দেশজুড়ে দেবী চন্দ্রঘণ্টার পূজার্চনা হচ্ছে। এই উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজমাধ্যমে এক বার্তায়

প্রধানমন্ত্রী বলেন, দেবী চন্দ্রঘণ্টা, সাহস, শান্তি ও ঐশ্বরিক শক্তির প্রতীক। তাঁর আরাধনা সবার জীবনে সুখ, সমৃদ্ধি ও সাফল্য বয়ে আনে বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

অন্ধ্রপ্রদেশের বিজয়ওয়ারায় আজ সরস মেলার উদ্বোধন করবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। কেন্দ্রীয় গ্রাম উন্নয়ন মন্ত্রক আয়োজিত এই সরস মেলার মেলা চলবে চলতি মাসের ৩১ তারিখ পর্যন্ত। এটি হবে দেশের প্রথম জাতীয় সরস মেলা। তিরিশটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল থেকে ১৫০০ এর বেশি স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা এই মেলায় অংশগ্রহণ করবেন। এই মেলায় ঐতিহ্যবাহী হস্তশিল্প, আঞ্চলিক খাবার ও উদ্যোক্তাদের সাফল্যের কাহিনী তুলে ধরা হবে।

নতুন দিল্লিতে আজ বিমস্টেকের স্বরাষ্ট্রমন্ত্রীদের প্রথম বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। এই উপলক্ষে বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন আঞ্চলিক সংহতি, অর্থনৈতিক সহযোগিতা এবং যৌথ নিরাপত্তার ক্ষেত্রে বিমস্টেক একটি গুরুত্বপূর্ণ মঞ্চ হিসেবে আত্মপ্রকাশ করেছে। 'বসুধৈব কুটুম্বকম'-এর নীতি দ্বারা অনুপ্রাণিত হয়ে ভারত সর্বদা শান্তি ও মানবকল্যাণের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। তিনি আরো বলেন, ভারত সমস্ত দেশের সার্বভৌমত্ব ও আঞ্চলিক অখণ্ডতাকে সম্মান করে এবং বিরোধের শান্তিপূর্ণ সমাধানে বিশ্বাসী।

উল্লেখ্য সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের 'জিরো টলারেন্স' বা কঠোর অবস্থানের নীতি পুনর্ব্যক্ত করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী সম্মিলিত অঙ্গীকারের আহ্বান জানিয়ে বলেন বিমস্টেক অঞ্চলে কোনো জঙ্গি গোষ্ঠী যেন আশ্রয়, সদস্য সংগ্রহ, প্রশিক্ষণ, অর্থায়ন কিংবা প্রতিবেশী দেশগুলোর বিরুদ্ধে কোনো কার্যকলাপ চালানোর মতো সুযোগ না পায়, তা নিশ্চিত করতে হবে। এছাড়াও জাতীয় আইন ও সংশ্লিষ্ট চুক্তির প্রেক্ষিতে অপরাধীদের প্রত্যর্পণ এবং আইনি সহযোগিতার ক্ষেত্রে পারস্পরিক সহায়তার ওপরও তিনি গুরুত্ব আরোপ করেন।

সন্ত্রাসবাদ-বিরোধী সহযোগিতার বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রী নির্দিষ্ট নোডাল সংস্থাগুলোর মাধ্যমে কার্যকরী গোয়েন্দা তথ্য আদান-প্রদান এবং সন্ত্রাসবাদী সংগঠনের অর্থের যোগান ও সংঘবদ্ধ অপরাধ দমনে আরও উন্নত সমন্বয়ের ওপর জোর দেন। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে পলাতক অপরাধীদের বিচারের মুখোমুখি করার জন্য ফিরিয়ে আনার ক্ষেত্রে ভারত উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে বলেও তার বক্তব্যে জানান তিনি।

উল্লেখ্য, ১৯৯৭ সালে প্রতিষ্ঠিত বিমস্টেক, বঙ্গোপসাগর সংলগ্ন ও পার্শ্ববর্তী দেশগুলির মধ্যে কারিগরি ও অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধি করাই এই গোষ্ঠীর মূল লক্ষ্য। বিমস্টেকের সদস্য দেশগুলি হল বাংলাদেশ, ভুটান, ভারত, মায়ানমার, নেপাল, শ্রীলঙ্কা ও থাইল্যান্ড।

কানাডার বিদেশমন্ত্রী অনিতা আনন্দ আজ থেকে দুদিনের ভারত সফরে আসছেন। সফরকালে আগামীকাল তিনি ভারতের বিদেশমন্ত্রী ড. এস. জয়শঙ্কর এবং দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা বিষয়ক মন্ত্রী জয়ন্ত চৌধুরীর সঙ্গে বৈঠক করবেন। এই সফর প্রসঙ্গে ভারতে নিযুক্ত কানাডার হাইকমিশনার ক্রিস্টোফার কুটার বলেন প্রস্তাবিত মুক্ত বাণিজ্য চুক্তি, অধিক বিনিয়োগ এবং দুই দেশের জনগণের অবাধ যোগাযোগের মাধ্যমে ভারত ও কানাডার দ্বিপাক্ষিক বাণিজ্য জোরদার করার লক্ষ্যে কানাডা কাজ করছে। দুই দেশের মধ্যে পর্যটন ক্ষেত্রের বিকাশেরও ব্যাপক সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন তিনি।

ওয়ার্ল্ড ইউরোলজি ডে উপলক্ষে, আজকের প্রসঙ্গে শুনবেন ইউরোলজি সংক্রান্ত আলোচনা। ডাক্তার কৌশিক সরকারের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

সেবা সংকল্প অভিযান কর্মসূচির অধীনে আজ শুনবেন আলোচনা ভারতীয় অর্থ ব্যবস্থার বিবর্তন। অধ্যাপক ড বিষাণ সান্যালের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ১০টায় গীতাঞ্জলি, DTH প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

জনসেবা থেকে দেশ সেবা এই মন্ত্রকে পাথেয় করে ২৫ বছরের দীর্ঘ রাজনৈতিক জীবনে মানুষের সেবায় নিরলসভাবে কাজ করে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই ধারাবাহিকতায় শুরু হয়েছে বিশেষ সিরিজ, সেবা সংকল্প অভিযান। আজকের বিষয় প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা। একটি প্রতিবেদন-

(ভিসি-উজ্জ্বলা)

নেপালের মধ্য অঞ্চলে, গত সপ্তাহের শেষে, ভয়াবহ বন্যায় বহু অঞ্চল প্লাবিত হওয়ায় একশোরও বেশি বিদেশী পর্বতারোহী একাধিক অঞ্চলে আটকে রয়েছে বলে, খবর পাওয়া গেছে। প্রশাসন গোষ্ঠী জেলায় আজ ভোর রাতে ভূমিধ্বসের কারণে আটকে পড়া ১২ জন বিদেশী সহ ৩২১ জনকে ইতিমধ্যেই উদ্ধার করেছে। নেপাল সেনাবাহিনী জানিয়েছে, আগামিকালও উদ্ধারকাজ চলবে।

কোনো যোগ্য ভোটদাতা যাতে তালিকা থেকে বাদ না পড়েন তা সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন, রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে বিশেষ অভিযান শুরু করেছে। পশ্চিমবঙ্গের ২৪ জন জেলা নির্বাচনী আধিকারিক (ডিইও), ইতিমধ্যেই রাজ্যজুড়ে বিশেষ প্রচার অভিযান শুরু করেছেন। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, এই উদ্দেশ্যে বিভিন্ন এলাকায় বিশেষ শিবিরের আয়োজন করা হচ্ছে। ভোটার তালিকা নিয়ে কারও কোনও অভিযোগ বা সমস্যা থাকলে সংশ্লিষ্ট BLO, AERO, ERO অথবা DEO-র সঙ্গে যোগাযোগ করার আবেদন জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে স্পষ্ট বলা হয়েছে, ভোটারদের অধিকার সুরক্ষিত করতে নির্বাচন কমিশন প্রতিশ্রুতিবদ্ধ।

আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার – আই এম এফ, ২০২৬-২৭ অর্থবছরের জন্য ভারতের জি ডি পি বৃদ্ধির পূর্বাভাস ৬ দশমিক ৪ শতাংশ থেকে বাড়িয়ে ৭ শতাংশ করেছে। আই এম এফ জানিয়েছে, অভ্যন্তরীণ চাহিদা ও পরিষেবা প্রদানের গতি বৃদ্ধিই এর নেপথ্যে রয়েছে। পরের অর্থবছরেও এই হার বজায় থাকবে বলে জানিয়েছে আই এম এফ।

উল্লেখ্য, রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া সর্বশেষ মুদ্রানীতি বৈঠকের পর চলতি অর্থবছরের জন্য দেশের জি ডি পি বৃদ্ধির হার বেড়ে ৭ দশমিক ১ শতাংশ হবে বলে পূর্বাভাস দিয়েছিল।

দিল্লি পুলিশ আজ সিজিপি নেতা সৌরভ দাস এবং আশুতোষ রাঙ্কাকে আটক করেছে। তাঁরা জাতীয় রাজধানী অঞ্চলের যন্ত্র মন্ত্রের দিকে যাওয়ার চেষ্টা করলে তাদেরকে আটক করা হয়।

উল্লেখ্য, দিল্লি পুলিশ গতকালই যন্ত্র মন্ত্র কে প্রতিবাদ কর্মসূচি করার তালিকা থেকে বাদ দেয়। তার বদলে পূর্ব দিল্লির রামলীলা ময়দান, বুরারি ময়দান এবং সি বি ডি ময়দানকে প্রতিবাদ কর্মসূচি পালনের জন্য চিহ্নিত করে দেয়।

নেপালের মধ্য অঞ্চলে, গত সপ্তাহের শেষে, ভয়াবহ বন্যায় বহু অঞ্চল প্লাবিত হওয়ায় একশোরও বেশি বিদেশী পর্বতারোহী একাধিক অঞ্চলে আটকে রয়েছে বলে, খবর পাওয়া গেছে। প্রশাসন গোখাঁ জেলায় আজ ভোর রাতে ভূমিধ্বসের কারণে আটকে পড়া ১২ জন বিদেশী সহ ৩২১ জনকে ইতিমধ্যেই উদ্ধার করেছে। নেপাল সেনাবাহিনী জানিয়েছে, আগামিকালও উদ্ধারকাজ চলবে।

ব্যাডমিন্টনে ডেনমার্ক ওপেনে আজ ভারতের হয়ে অভিযান শুরু করছে বিশ্ব ব্যাডমিন্টন খেতাব জয়ী পিভি সিন্ধু ও পুরুষদের ডাবলস জুটি সাত্ত্বিকসাইরাজ রাঙ্কিরেড্ডি ও চিরাগ শেট্টি। সিন্ধু মহিলাদের সিঙ্গেলসের ওপেনিং রাউন্ডে অলিম্পিক চ্যাম্পিয়ন ও বিশ্বের এক নম্বরে থাকা কোরিয়ার আন সে ইয়ং এর মুখোমুখি হবেন। মহিলাদের সিঙ্গেলসে সিন্ধু ছাড়াও রয়েছেন তানভি শর্মা, উন্নতি হুদা, দেবিকা সিহাগ ও অস্মিতা চালিহা। পুরুষদের সিঙ্গেলসে ভারতের হয়ে প্রতিযোগিতায় অংশ নিয়েছেন লক্ষ্য সেন, আয়ুশ শেট্টি ও কিদাম্বি শ্রীকান্ত।
